

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
হোস্টেল শাখা
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।


স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.১৬.০০৬.১৫.

তারিখ : ১৩/০৭/২০১৭

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কর্মজীবী মহিলা হোস্টেল কর্মসূচির জুলাই ২০১৬ -জুন ২০১৭ পর্যন্ত সময়ের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় রাজস্ব খাতভুক্ত ঢাকাস্থ নীলক্ষেত, খিলগাঁও ও মিরপুরে ০৩ টি এবং স্ব-অর্থায়নে পরিচালিত জেলা শহর চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোরে ৪টি সহ মোট ৭টি কর্মজীবী মহিলা হোস্টেল রয়েছে। এ সকল হোস্টেলে মোট সিট সংখ্যা-১৪০৬টি (গেস্ট সিটসহ)।

এ সকল হোস্টেলে ২০১৬-২০১৭ অর্থবছরে অর্থাৎ জুলাই ২০১৬ হতে জুন ২০১৭ পর্যন্ত সময়ে মোট ৯,৪০৪ জন (জুলাই ২০১৬-ডিসেম্বর ২০১৬: ১,৩৬৪ জন, জানুয়ারি-মার্চ: ৩,৭৩৪ জন এবং এপ্রিল-জুন: ৪,৩০৬ জন) কর্মজীবী মহিলা আবাসন সুবিধা ভোগ করেছেন। কর্মজীবী মহিলা হোস্টেল কর্মসূচি'র আবাসন সংক্রান্ত এ তথ্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



(শাহনওয়াজ দিলরুবা খান)
অতিরিক্ত পরিচালক (উপসচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন : ৯৩৩২৩৭৪

কার্যার্থে :
প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।